যুগান্তর

তারিখ ... 30 OCT 2015 ...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ...

# রাজশাহীতে কাঠগড়ায় দাঁড় করিয়ে রেখে শিক্ষা অফিসারকে শাস্তি

রাজশাহী ব্যুরো

বিচারকের সঙ্গে অশোভন আচরণ করায় হাতকড়া পরিয়ে কাঠগড়ায় দাঁড় করিয়ে রেখে শাস্তি দেয়া হয়েছে রাজশাহীর চারঘাট উপজেলা শিক্ষা অফিসার মীর মামুনকে। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টা থেকে আদালত মুলতবি ঘোষণা না হওয়া পর্যন্ত তাকে কাঠগড়ায় দাঁড় করিয়ে রাখার নির্দেশ দেন রাজশাহী জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের বিচারক মো. হান্নান উল্লাহ। জানা যায়, ৬ মাস আগে শিক্ষা অফিসারকে একটি ঘটনার তদন্ত প্রতিবেদন তৈরি করে আদালতে জমা দিতে বলা হয়। কিন্তু এখন পর্যন্ত প্রতিবেদন আদলতে জমা না দেয়ায় আদালত তাকে তলব করেন। ওই শিক্ষা অফিসার বৃহস্পতিবার আদালতে উপস্থিত হন। আদালত চলাকালীন তিনি বিচারকের কাছে গিয়ে কানে কানে কথা বলার চেষ্টা করেন। এ সময় আদালতের বিচারক তাকে ধমক দিয়ে বলেন, আপনি এখানে কেন? চলে যান এখান থেকে।

এ সময় শিক্ষা অফিসার ওকে ওকে, এই কথা বলতে থাকেন। বিচারক তাকে বলেন, আমি আপনার ক্লাসমেট যে আমাকে নিয়ে ওকে ওকে বলছেন? পরে বিচারক তাকে হাতকড়া পরিয়ে কাঠগড়ায় দাঁড় করিয়ে রাখার নির্দেশ দেন পুলিশকে। পুলিশ আদালতের নির্দেশে তাকে হাতকড়া পরিয়ে কাঠগড়ায় দাঁড় করিয়ে রাখেন। দুপুর ১টার দিকে ওই শিক্ষা কর্মকর্তা বিচারককে স্যরি স্যার বললে বিচারক হাতকড়া খুলে নিতে বলেন।

তবে আদালত শেষ না হওয়া পর্যন্ত তাকে কাঠগড়ায় দাঁড় করিয়ে রাখার নির্দেশ দেয়া হয়।